গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

নং- কুসক-২০২২/৭৭

তারিখঃ ৬ চৈত্র ১৪২৮ ব.
২০ মার্চ ২০২২ খ্রি.

# ঃ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তিঃ

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, এ কলেজে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির জন্য অনলাইনে পূরণকৃত প্রাথমিক আবেদন ফরম নিম্নলিখিত স্থান ও সময়সূচি অনুযায়ী জমা নেয়া হবে।

ফরম জমার তারিখঃ **২১ মার্চ ২০২২ থেকে ২৮ মার্চ ২০২২ খ্রি.** পর্যন্ত

সকাল ১০:০০ টা থেকে ১:০০ টা পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত)।

**ফরম জমার স্থান ঃ কলেজ লাইব্রেরি**

## ১। আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়

ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Masters tab-এ গিয়ে Apply Now (Masters Preli) অপশনে ক্লিক করতে হবে এবং website-এ প্রদর্শিত তথ্য ছকে স্নাতক (পাস) পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন, ব্যক্তিগত নিবন্ধিত মোবাইল ফোন নম্বর ও ই-মেইল এ্যাড্রেস সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। শিক্ষার্থীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমে নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। এছাড়া জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি ও রেজিষ্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারী স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর অনলাইনে সংরক্ষিত ডাটাবেজের তথ্য অনুযায়ী Male/Female প্রদর্শিত হবে। আবেদকারীর তথ্য ছকে Male এর স্থলে Female বা Female এর স্থলে Male প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক তথ্যটি দিতে হবে।

খ) অনলাইনে পূরণকৃত প্রাথমিক আবেদন ফরম, প্রয়োজনীয় কাগজপত্র ও **৩০০/=** (তিনশত) টাকা শিওর ক্যাশে জমা পূর্বক (**শিওর ক্যাশে** টাকা জমাদানের শর্ট কোড **KUGCMF**) প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে।

গ) প্রার্থীর ভর্তিচ্ছু বিষয়টি স্নাতক (পাস) পর্যায়ে ৪০০ নম্বরের পঠিত বিষয় হিসাবে থাকতে হবে এবং তাকে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ ২.০০ পেতে হবে।

ঘ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করতে হবে। কোটার আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে।

## ২। আবেদনের সাধারণ যোগ্যতা ও শর্তাবলীঃ

ক) এ ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ থেকে ২০১৯ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। এছাড়া আবেদনকারীর প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু বিষয়ে স্নাতক (পাস) পর্যায়ে ৪০০ নম্বরের পঠিত বিষয় হিসাবে থাকতে হবে এবং তাতে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ ২.০০ পেতে হবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী পরবর্তীতে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদনের যোগ্যতা ও শর্তাবলী পূরণ সাপেক্ষে রেজিস্ট্রেশন করার সুযোগ পাবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ থেকে ২০১৯ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে ন্যূনতম ৪৫% নম্বর অথবা জিপিএ ২.২৫ পেলে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

চলমান পাতা

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ/অধ্যয়নরত অথবা অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো" মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা স্ক্যান করে অনলাইন আবেদনে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঙ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

## প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের কোর্স ও বিষয়সমূহঃ

৩। ক) এমএ- বাংলা, ইংরেজি, ইতিহাস ।

খ) এমএসএস- রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজবিজ্ঞান।

গ) এমএসসি- গণিত, পদার্থবিদ্যা, ভূগোল ও পরিবেশ, প্রাণিবিদ্যা, উদ্ভিদবিদ্যা।

ঘ) এমবিএস- হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা।

## প্রয়োজনীয় কাগজপত্র ঃ

৫। আবেদন ফরমের সঙ্গে আবেদনকারীকে স্নাতক (পাস) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যয়িত কপি ও দ্বৈত ভর্তি সম্পর্কিত অঙ্গিকারনামার সত্যায়িত কপি জমা দিতে হবে।

বি.দ্র.- ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে এ প্রদর্শিত ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে।

২০/০৬/২২

(প্রফেসর কাজী মনজুর কাদির)
অধ্যক্ষ
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

২০/০৬/২২

20/6/2022

কপি বিতরণঃ-

১। উপাধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
২। বিভাগীয় প্রধান, সকল মাস্টার্স বিভাগ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৪। আহবায়ক, প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কমিটি-২০১৯-২০২০, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৫। ড. মোহাম্মদ আবুল কালাম আযাদ, সহযোগী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান, তথ্য প্রদানকারী কর্মকর্তা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৬। গ্রন্থাগারিক, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৭। হিসাব রক্ষক, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৮। ক্যাশিয়ার, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৯। শাখা সহকারী, উমা, ডিগ্রী (পাস), অনার্স ও মাস্টার্স শাখা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
১০। সংরক্ষণ নথি।